

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
বৃত্তি-২ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.erd.gov.bd

স্মারক নং- ০৯.০০.০০০০.১৮৭.২৪.০১৪.১৯-৬৩

তারিখঃ ১১ সেপ্টেম্বর ২০১৯ খ্রি।

বিজ্ঞপ্তি

বিষয়ঃ বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে ২০১৮ সনে ভর্তিকৃত বাংলাদেশী শিক্ষার্থীদের অনুকূলে বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড (BSTF) হতে তাদের এক পথের ভ্রমণ ব্যয়ের আংশিক এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে দরখাস্ত আহ্বান।

বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে ২০১৮ সনে ভর্তিকৃত বাংলাদেশী শিক্ষার্থীদের অনুকূলে বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড (BSTF) হতে তাদের এক পথের (one way) ভ্রমণ ব্যয়ের আংশিক এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে **Online** এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

আবেদনকারীর যোগ্যতাঃ

০১. বাংলাদেশী শিক্ষার্থী বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে ০১ জানুয়ারি ২০১৮ থেকে ৩১ ডিসেম্বর ২০১৮ সময়ে বিদেশে স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি পর্যায়ে অধ্যয়নের জন্য ভর্তি হলে;
০২. এ ট্রাস্ট ফান্ডের আওতায় ইতোপূর্বে ভ্রমণ মঞ্জুরি না পেয়ে থাকলে;
০৩. বিদেশে উচ্চশিক্ষার জন্য আবেদনকারী দেশী বা বিদেশী অন্য কোন উৎস থেকে ভ্রমণ মঞ্জুরি/এয়ার টিকেট না পেয়ে থাকলে।

আবেদনের পদ্ধতিঃ

০১. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের <http://bstf.erd.gov.bd> এই URL ব্যবহার করে কেবলমাত্র নির্ধারিত ফরম পূরণপূর্বক অনলাইনে আবেদন করা যাবে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ওয়েবসাইটেও (www.erd.gov.bd) লিংক পাওয়া যাবে;
০২. Scholarship Certificate, Admission Certificate এবং বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান/অন্য কোন উৎস থেকে ভ্রমণ অর্থ প্রদান করা হয়নি বা হবে না মর্মে সনদপত্র, প্রার্থীর নাম সম্বলিত পাসপোর্টের পেজ, বাংলাদেশ ইমিগ্রেশন কর্তৃক প্রদত্ত Departure ও সংশ্লিষ্ট দেশের ইমিগ্রেশন কর্তৃক প্রদত্ত Arrival সীল সম্বলিত পাসপোর্ট পেজের Scan copy, এয়ার টিকেট, জাতীয় পরিচয়পত্রের কপি, পাসপোর্ট আকারের ছবি এবং নিজ স্বাক্ষরের Scan copy **অবশ্যই Online আবেদন ছকের নির্ধারিত স্থানে Upload করতে হবে;**
০৩. মূল এয়ার টিকেটে লেখা অস্পষ্ট থাকলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট মূল সংস্থা/এয়ারলাইন্স থেকে ভ্রমণ ব্যয়ের রশিদ সংগ্রহ করে তা Upload করতে হবে;
০৪. ভ্রমণ মঞ্জুরীর অর্থ উত্তোলনের জন্য প্রার্থী তাঁর নিজস্ব/বাবা/মা/ভাই/বোন/Spouse/প্রার্থী অথরাইজড কোন ব্যাংক একাউন্ট ব্যবহার করতে পারবে।
০৫. একই পার্থী একের অধিক বার আবেদন করতে পারবে না।
০৬. অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট নিয়ে সেটিতে স্বাক্ষর করে bstf@erd.gov.bd এই ইমেইল ঠিকানায় পাঠাতে হবে। কোন জিজ্ঞাসার জন্য info-bstf@erd.gov.bd ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে;
০৭. আবেদনের হার্ড কপি প্রেরণ করার প্রয়োজন নেই;
০৮. আগামী ০১ অক্টোবর ২০১৯ তারিখ স্থানীয় সময় সকাল ৯.০০ ঘটিকা হতে ৩০ নভেম্বর ২০১৯ তারিখ স্থানীয় সময় বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত আবেদন করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনভাবেই আবেদন গ্রহণ করা হবে না;
০৯. দাখিলকৃত তথ্যের অসম্পূর্ণতা, ত্রুটি কিংবা অসঙ্গতির জন্য কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

নুসাত দারহুত

(নুসাত ফারহীন)

সিনিয়র সহকারী প্রধান

ফোনঃ ৯১৪০৪৮৫

E-mail: erdfandf2@yahoo.com